# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

Tel : 9558109, 9565848
Web : www.krishibank.org.bd
E-mail: dgmfrmd@krishibank.org.bd


## ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ

নং-প্রকা/ এফআরএমডি/০২(২৩২)/২০১৮-২০১৯/২০৭ তারিখ ৩০.০৭.২০১৮ইং

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ
উপ-মহাব্যবস্থাপক, কাওরান বাজার/ বনানী/ নারায়নগঞ্জ/সিলেট/খুলনা/চট্টগ্রাম/আগ্রাবাদ কর্পোরেট শাখা, স্থানীয় মুখ্য কার্যালয়সহ
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়: ১আগষ্ট'১৮ হতে ৩১আগষ্ট'১৮ পর্যন্ত সময়কালকে বৈদেশিক রেমিট্যান্স সেবা মাস হিসেবে পালন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ২৬-০৭-২০১৮ তারিখের স্মারক নং-০৫/২০১৮ এর প্রতি দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে। জাতীয় স্বার্থে রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে ১ আগষ্ট'১৮ হতে ৩১ আগষ্ট'১৮ পর্যন্ত সময়কে রেমিট্যান্স মাস হিসাবে পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। বাংলাদেশে রেমিট্যান্স প্রবাহে ঈদ উৎসব একটি উল্লেখযোগ্য ভূমিকা রেখে আসছে। উল্লেখিত সময়ে প্রবাসী বাংলাদেশীরা অন্যান্য সময়ের তুলনায় অধিক পরিমান রেমিট্যান্স প্রেরন করে থাকেন। আসন্ন ঈদ-উল আয্হাতেও এই ধারা অব্যাহত থাকবে। ২০১৮-২০১৯ অর্থবছরে ২০০০ কোটি টাকা রেমিট্যান্স লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হয়েছে (BEFTN ব্যতীত)। লক্ষ্যমাত্রা অর্জনে ঈদের সময় প্রাপ্ত বাড়তি রেমিট্যান্স সহায়ক ভূমিকা পালন করতে পারে। এই সময় বাংলাদেশ কৃষি ব্যাংক যাতে সর্বোচ্চ সংখ্যক রেমিট্যান্স সংগ্রহ ও প্রদান করতে পারে সেই সাথে ব্যাংকের কর্মকর্তা/ কর্মচারীগণও রেমিটেন্স প্রদানে উৎসাহবোধ করেন সেই লক্ষ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক ০১ আগষ্ট, ২০১৮ থেকে ৩১আগষ্ট, ২০১৮ পর্যন্ত সময়কালকে রেমিট্যান্স সেবা মাস ঘোষণা করা হয়েছে। এই মাসকে সাফল্যমন্ডিত করার জন্য নিম্নোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলোঃ

৩। **গ্রাহক সেবার মান বৃদ্ধি ও রেমিট্যান্স সংগ্রহঃ**

- ➢ রেমিট্যান্স মাস চলাকালীন সময়ে প্রতিটি শাখাকে প্রতিদিন কমপক্ষে ১০(দশ)টি রেমিট্যান্স প্রদান।
- ➢ নতুন অথবা পুরাতন যে কোন গ্রাহক শাখায় প্রবেশের পর শাখার কর্মকর্তা ও কর্মচারী তাকে হাস্যোজ্জ্বলভাবে সালাম/সম্মান প্রদর্শনপূর্বক গ্রাহকের চাহিদা অনুযায়ী কর্মসম্পাদনে সর্বাত্মক সহযোগিতা প্রদান।
- ➢ গ্রাহককে বৈদেশিক রেমিট্যান্স সেবা প্রদানের জন্য শাখায় একটি Help desk স্থাপন।
- ➢ শাখায় যে সকল হিসাব নম্বরে বিদেশ থেকে অর্থ প্রেরণ করা হয় (BEFTN সহ) তার একটি তালিকা প্রস্তুতকরণ এবং সে মোতাবেক রেমিটার ও বেনিফিশিয়ারির সাথে যোগাযোগ করার মাধ্যমে আরও অধিক রেমিট্যান্স আনার উদ্যোগ গ্রহন করতে হবে।
- ➢ শাখার যে সকল হিসেবে রেমিট্যান্স আসা হ্রাস পেয়েছে তাদের সাথে যোগাযোগ করে রেমিট্যান্স বৃদ্ধি করার পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- ➢ কর্মসূচী চলাকালীন প্রতিটি শাখায় গ্রাহক সেবার মান সর্বোচ্চ পর্যায়ে নিয়ে যেতে হবে যার ফলে ব্যাংকের ভাবমূর্তি সমুন্নত ও সুসংহত হয়। ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগের অনুমতি ব্যতিরেকে কোন গ্রাহককে রেমিট্যান্স সেবা প্রদান না করে ফেরত দেয়া যাবে না। এ বিষয়ে সকলশাখা ব্যবস্থাপকগণ শাখার সকল কর্মকর্তা কর্মচারীদেরকে উদ্বুদ্ধ করবেন।
- ➢ মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকগণ তার নিয়ন্ত্রণাধীন সকল শাখার গ্রাহক সেবার মান, রেমিট্যান্স সংগ্রহ এবং কর্মসূচী বাস্তবায়নের জন্য নিয়মিত নিবিড় মনিটরিং করবেন।
- ➢ Command Area- এর রেমিটারদের ডাটাবেইজ তৈরি/ হালনাগাদ ও সংরক্ষণ করতে হবে।
- ➢ রেমিট্যান্স বেনিফিশায়ারিদের নিয়ে শাখার উদ্যোগে উদ্বুদ্ধকরণ ও মূল্যায়ন সভা আয়োজন করতে হবে।

৪। **রেমিট্যান্স মাস স্বার্থক করার লক্ষ্যে প্রণোদনাঃ**

- ➢ রেমিট্যান্স মাসে সর্বোচ্চ পরিমান রেমিট্যান্স প্রদানকারী শাখাসমূহকে প্রণোদনা দেয়া হবে।
- ➢ আঞ্চলিক ও মুখ্য আঞ্চলিক ব্যাবস্থাপকগণ যাতে তাদের অঞ্চলাধীন শাখাসমূহে বেশী বেশী করে রেমিটেন্স আহরনে উদ্যোগ গ্রহন করেন সেজন্য কর্মসূচী চলাকালীন ৫৩টি আঞ্চলিক ও মুখ্য আঞ্চলিক ব্যাবস্থাপকের মধ্য থেকে আশানুরূপ সর্বোচ্চ রেমিটেন্স আহরনকারী মুখ্য অঞ্চল/ অঞ্চলসমূহকে পুরস্কৃত করা হবে।
- ➢ উক্ত কর্মসূচী চলাকালীন সময়ে কোন শাখা কর্তৃক রেমিট্যান্স প্রদানে অনীহা অথবা গ্রাহকের সুনিদিষ্ট অভিযোগের ভিত্তিতে কঠোর প্রশাসনিক ব্যবস্থা নেয়া এবং এক্ষেত্রে জিরো টলারেন্স নীতি অবলম্বন করা হবে।
- ➢ কর্মসূচী শেষে শাখাসমূহের অর্জনের ভিত্তিতে অপেক্ষাকৃত কম পারফরমেন্সকৃত মুখ্যঅঞ্চল/ অঞ্চল/ শাখাসমূহকে জবাবদিহিতার আওতায় আনা হবে।
- ➢ রেমিট্যান্স মাস উপলক্ষ্যে ৬ফুটX৩ফুট মাপের পিভিসি ব্যানার তৈরি করে শাখার দর্শনীয় স্থানে লাগাতে হবে (সংযুক্ত নমুনা অনুযায়ী)।

৫। এমতাবস্থায়, কৃষি ব্যাংকের বৈদেশিক রেমিট্যান্সের পরিমান উল্লেখযোগ্যভাবে বৃদ্ধিকল্পে রেমিট্যান্স সেবা মাসকে সাফল্যমন্ডিত করার জন্য ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীগণকে আন্তরিকভাবে কাজ করার অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

(মোঃ শহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক
(পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ)
ফোন-০২-৯৫৫৪১৬৯

নং-প্রকা/ এফআরএমডি/১০(০১)/২০১৮-২০১৯/২০৭ তারিখ ঃ ৩০.০৭.২০১৮ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (ই-মেইলে) বিতরণ করা হলোঃ

০১) চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২) ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩) ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি।
০৪) সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি (অপারেশন) কে পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৫) জনাব মোঃ গোলাম আরিফ ,উপ-মহাব্যবস্থাপক(চলতি দায়িত্বে), ট্রেজারী ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, প্রকা, ঢাকা।
০৬) নথি/মহানথি ।

(মোঃ আবদুস সোবহান)
উপ-মহাব্যবস্থাপক

# রেমিট্যান্স সেবা মাস

## ১ আগষ্ট' ২০১৮ হতে ৩১ আগষ্ট' ২০১৮

প্রবাসে স্বজন
বাড়ির কাছের কৃষি ব্যাংক
রেমিট্যান্স গ্রহনে সেতুবন্ধন

বাংলাদেশ কৃষি ব্যাংক

"আমরা আপনার পাঠানো রেমিট্যান্সের সর্বাধিক নিরাপত্তা প্রদান করি এবং নিমিষেই পৌছে দেই আপনার প্রিয়জনের নিকট"

# বাংলাদেশ কৃষি ব্যাংক

## গ্রাম বাংলার গণমানুষের ব্যাংক

WESTERN UNION — moving money for better — ১০ সংখ্যা

XPRESS MONEY — simple. fast. safe — ১৬ সংখ্যা

Ria MONEY TRANSFER — ১১ সংখ্যা

NBL SINGAPORE Money Transfer — ১১ সংখ্যা

TRANSFAST — ১৩ সংখ্যা

MERCHANTRADE — Money transfer & communication across border — ১৩ সংখ্যা

PRABHU Money Transfer — ১২ সংখ্যা

cbl money transfer — ০৯ সংখ্যা

WORLDWIDE CASH EXPRESS MONEY TRANSFER — ০৯ সংখ্যা

NBL MALAYSIA Money Transfer — ১১ সংখ্যা

Max Money — transfer • exchange • trade — ১২ সংখ্যা

Placid Express — Worldwide Money Transmitter — ১২ সংখ্যা